কালের কণ্ঠ

তারিখ 01 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

শিক্ষকদের বেতন জটিলতা

# আখাউড়ায় ক্লাস বর্জন

ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি ▷

ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ার হীরাপুর শহীদ নোয়াব মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের শিক্ষকরা বকেয়া বেতনের জন্য ক্লাস বর্জন করেছেন। কয়েক মাস ধরে বেতন নিয়ে সৃষ্ট জটিলতার অবসান ঘটানোর দাবি জানিয়ে তাঁরা গতকাল রবিবার শ্রেণিকক্ষ বর্জন করেন।

বিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে কথা বলে জানা গেছে, বিভিন্ন বিষয় নিয়ে বিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে ম্যানেজিং কমিটির একাধিক সদস্যের দ্বন্দ্ব চলছিল। এরই মধ্যে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকসহ দুজনের বিরুদ্ধে মামলা করেন এক সদস্যের মা। এ নিয়ে বিরোধ তুঙ্গে উঠলে কমিটির সভাপতি মো. আবুল কাসেম ভূঁইয়া পদত্যাগ করেন। বিভিন্ন জটিলতার কারণে শিক্ষক-কর্মচারীরা ব্যাংক থেকে তাঁদের বেতন-ভাতা তুলতে পারছেন না।

বিদ্যালয়ের কয়েকজন শিক্ষক জানান, বেতন তোলার জন্য সভাপতির স্বাক্ষরের প্রয়োজন হয়। কিন্তু পরিচালনা কমিটির সভাপতি না থাকায় গত মার্চ মাস থেকে তাঁদের বেতন বন্ধ হয়ে যায়। মার্চ থেকে জুন পর্যন্ত সরকারি বেতনও তাঁরা পাননি। এ কারণে গতকাল তাঁরা প্রথম ঘন্টার পর প্রধান শিক্ষকের সঙ্গে এ নিয়ে আলোচনায় বসেন। পরে তাঁরা আর ক্লাসে যাননি।

বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্য মো. আবুল কালাম বলেন, 'দীর্ঘদিন ধরেই শিক্ষকদের বেতন নিয়ে জটিলতা চলছে। পরিচালনা কমিটির সভাপতি না থাকায় এ সমস্যার সৃষ্টি হয়েছে। এ থেকে কিভাবে বের হওয়া যায়, সে বিষয়ে আলোচনা করা হচ্ছে।'

বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এস এম রফিকুল ইসলাম বলেন, 'বিষয়টি নিয়ে আমরা মন্ত্রী মহোদয়ের সঙ্গেও কথা বলেছি।'